| | |
|---|---|
| The Sugar (Road Development Cess ) Ordinance, 1960 | Ordinance No. XXIII of 1960 |

**খসড়া আইন**

**বাংলাদেশ সুগার (রোড ডেভলপমেন্ট সেস) (সংশোধনী) আইন-২০১৪**

রাষ্ট্রীয় প্রয়োজনে 'সুগার (রোড ডেভলপমেন্ট সেস) অধ্যাদেশ,১৯৬০ এর অধিকতর সংশোধন এবং উক্ত অধ্যাদেশের অধীনে বিভিন্ন সময়ে কৃত কতিপয় সংশোধনী অধ্যাদেশের সমন্বয়ে নিম্নোক্ত উদ্দেশ্য পূরণকল্পে "সুগার (রোড ডেভলপমেন্ট সেস) (সংশোধনী) আইন-২০১৪" প্রণয়ন করা হইল।

ধারা-১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তণ ঃ

ক) এই আইন বাংলাদেশ সুগার (রোড ডেভলপমেন্ট সেস) (সংশোধনী) আইন-২০১৪ নামে অভিহিত হইবে।

খ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

ধারা-২। সংজ্ঞাসমূহঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই আইনে-

ক) **"সুগার মিলস"** - বলিতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর নিয়ন্ত্রণাধীন সুগার মিলস্কে বুঝাইবে।

খ) **"মিল জোন"** - বলিতে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে এলাকাকে অন্তর্ভুক্ত করিবে তাঁহাকে বুঝাইবে।

গ) **"সুগার সেস"** - আখচাষী ও সুগার মিলের বাণিজ্যিক খামার হইতে মিলে সরবরাহকৃত প্রতিমণ ইক্ষুর
মূল্যের উপর সুগার সেস রোড ডেভলপমেন্ট ফান্ডে জমা করণের নিমিত্ত সরকার কর্তৃক নির্ধারিত হারে ধার্যকৃত লেভীকে বুঝাইবে।

ঘ) **"কমিটি"** - বলিতে এই আইনের অধীনে গঠিত কোন কমিটিকে বুঝাইবে।

ধারা-৩। সেস আরোপ ঃ

ক) সুগার মিলে ইক্ষু বিক্রয়কারী প্রত্যেক ব্যক্তি মিলে ইক্ষু বিক্রয়ের জন্য সুগার মিল এলাকার ইক্ষু পরিবহনের সুবিধার্থে রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট নির্মাণ ও সংস্কারের নিমিত্ত তারা মণ প্রতি ৫০ পয়সা (পঞ্চাশ পয়সা) হারে সেস প্রদান করিবে।

তবে শর্ত থাকে যে, ভগ্নাংশ মণ ইক্ষু মিলে সরবরাহের ক্ষেত্রে ১/১৬ ভাগ সেস প্রদান করিবে।

আরো শর্ত থাকে যে, সুগার মিল সমূহ যখন ইক্ষু সরবরাহকারীকে ইক্ষুর মূল্য প্রদান করিবে তখন প্রতি মণ ইক্ষুর মূল্য হইতে ৫০ পয়সা (পঞ্চাশ পয়সা) হারে কর্তন পূর্বক বাংলাদেশ সরকারকে সেস প্রদান করিবে যাহা সমগ্র মণ ইক্ষুর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

খ) প্রত্যেক সুগার মিল যাহারা ইক্ষু উৎপাদনের ক্ষেত্রে নিজেদের খামারের ইক্ষু ব্যবহার করিয়া থাকে সেই সকল সুগার মিল সমূহকেও ধারা-৩(ক) এ বর্ণিত নির্দিষ্ট হারে সেস প্রদান করিতে হইবে।

ক্রমশঃ ২য় পাতা দ্রষ্টব্য

Law Making1000

প্রকৌঃ মোঃ শহীদুল করীম
উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)

প্রকৌঃ মোঃ মনিরুল আহসান
মহাব্যবস্থাপক (পুরকৌশল)
বি এস এফ আই সি
সদর দপ্তর, ঢাকা।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

মাহমুদউল হক ভুঁইয়া
চেয়ারম্যান
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

**ধারা-৪ । সেস সংগ্রহ এবং ব্যয়ের পদ্ধতি ঃ-**

বাংলাদেশ সরকারের পক্ষে সুগার মিলসমূহ প্রতি মণ ইক্ষুর জন্য ইক্ষু বিক্রেতাদের নিকট হইতে অথবা সুগার মিল সমূহের নিজস্ব খামারের ইক্ষু ব্যবহারের জন্য যেই ক্ষেত্রে যাহা প্রযোজ্য হইবে সেই সব অর্থ সংগ্রহ করিবে এবং সংগৃহীত সেসের অর্থ নির্ধারিত অর্থনৈতিক কোড ১-৩৯০১-০০০১-২০৪৬ সড়ক উন্নয়ন সেস খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিতে হইবে এবং অর্থনৈতিক কোড ৩-৩৯০৫-২৭২৫-৫৯৭৪ এই শিরোনামের অধীনে বরাদ্ধকৃত অর্থ মেরামত মঞ্জুরী খাত এই নীতিমালার আলোকে ব্যয়িত হইবে।

**ধারা-৫ । রোড ডেভেলপমেন্ট ফান্ডের অর্থায়ন ঃ-**

দেশের সুগার মিলসমুহের ব্যয় সংকোচনের লক্ষ্যে সরকার কর্তৃক চিনিশিল্পকে লাভজনক শিল্প হিসাবে পরিচালনার উদ্দেশ্যে বিদ্যমান রোড ডেভেলপমেন্ট ফান্ডে (আর ডি এফ ) অর্থায়নের জন্য বিক্রিত চিনির উপর টন প্রতি ২৬৭.৯২ টাকা হারে চাঁদা প্রদানের ব্যবস্থা হইতে সুগার মিলসমূহকে অব্যাহতি প্রদান পূর্বক উক্ত ফান্ডে সরকার কর্তৃক সমপরিমাণ অর্থ প্রদান করতঃ মিলজোন এলাকার রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট নির্মাণ ও সংস্কারের কার্যক্রম পরিচালিত হইবে। এই লক্ষ্যে অর্থ বিভাগ শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে এই বাবদ অর্থ বরাদ্দ করিবে। ইহা সরকারের বাজেটে অনুন্নয়ন ব্যয় কোড নম্বর ৩-৩৯০১-০০০১-৫৯৭৬ এর অধীনে বরাদ্দকৃত পল্লী সড়ক নির্মাণ মঞ্জুরী নীতিমালা মোতাবেক সুগার মিল সমুহে উৎপাদিত চিনির আনুপাতিক হারে বরাদ্দ হইবে।

**ধারা-৬ । কমিটি ঃ**

ক) প্রত্যেক সুগার মিলস্ এলাকার জন্য একটি কমিটি থাকিবে যাহা 'সুগার সেস রোড ডেভেলপমেন্ট কমিটি' হিসাবে অভিহিত হইবে এবং যাহা নিম্নোক্তভাবে গঠিত হইবে-

**মুখ্য কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | সরকার কর্তৃক মনোনীত একজন সংসদ সদস্য (সুগার মিল সমূহ যে সকল জেলায় অবস্থিত সে সকল জেলার সংশ্লিষ্ট নির্বাচিত সংসদ সদস্য) | | চেয়ারম্যান |
| (২) | জেলা প্রশাসক (সুগার মিল সমূহ যে সকল জেলায় অবস্থিত সে সকল জেলার জেলা প্রশাসক, পদাধিকার বলে) | - | সদস্য |
| (৩) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সুগার মিল সমূহ যে সকল জেলায় অবস্থিত সে সকল জেলার উপপরিচালক, পদাধিকার বলে) | - | সদস্য |
| (৪) | উপজেলা নিবর্হী অফিসার (সুগার মিল সমূহ যে সকল উপজেলায় অবস্থিত সে সকল উপজেলার উপজেলা নিবর্হী অফিসার, পদাধিকার বলে) | - | সদস্য |
| (৫) | নিবর্হী প্রকৌশলী, জেলা পরিষদ (সুগার মিল সমূহ যে সকল জেলায় অবস্থিত সে সকল জেলার জেলা নিবর্হী প্রকৌশলী, পদাধিকার বলে) | - | সদস্য |
| (৬) | চেয়ারম্যান মনোনীত ২জন আখচাষী প্রতিনিধি | - | সদস্য |
| (৭) | মহাব্যবস্থাপক(কৃষি) (সংশ্লিষ্ট সুগার মিল,পদাধিকার বলে) | - | সদস্য |
| (৮) | উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(পুরকৌশল) (পুরকৌশল বিভাগের দায়িত্বে, সংশ্লিষ্ট সুগার মিল, পদাধিকার বলে) | - | সদস্য |
| (৯) | ব্যবস্থাপনা পরিচালক (সংশ্লিষ্ট সুগার মিল) | - | সচিব |

ক্রমশঃ ৩য় পাতা দ্রষ্টব্য

Law Making1000

৫.৬.১৪
প্রকৌঃ মোঃ শহীদুল করীম
উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)

প্রকৌঃ মোঃ রফিকুল আহসান
মহাব্যবস্থাপক (পুরপ্রকৌশল)
বি এস এফ আই সি,
প্রধান দপ্তর, ঢাকা।

(এএসএম আবদার হোসেন)
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

মাহমুদউল হক ভূঁইয়া
চেয়ারম্যান
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

খ) এই কমিটি সুগার (রোড ডেভেলপমেন্ট সেস) এবং রোড ডেভেলপমেন্ট ফান্ড হইতে প্রাপ্ত অর্থায়নে সুগার মিল জোন এলাকায় দ্রুত ইক্ষু পরিবহণ সুবিধার জন্য রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট নির্মাণ ও সংস্কার সংক্রান্ত নীতি নির্ধারণ, প্রকল্প বাছাই অনুমোদন ও বাস্তবায়ন এবং আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করিবে এবং সরকারের নিকট মাসিক প্রতিবেদন দাখিল করিবে।

গ) **<u>বাস্তবায়ন কমিটি ঃ</u>**

| | | | |
|---|---|---|---|
| (১) | ব্যবস্থাপনা পরিচালক (সংশ্লিষ্ট সুগার মিল) | - | চেয়ারম্যান |
| (২) | মহাব্যবস্থাপক(অর্থ)( সংশ্লিষ্ট সুগার মিল) | - | সদস্য |
| (৩) | মহাব্যবস্থাপক(কৃষি)( সংশ্লিষ্ট সুগার মিল) | - | সদস্য |
| (৪) | উপজেলা প্রকৌশলী (পুর)(সংশ্লিষ্ট উপজেলা) | - | সদস্য |
| (৫) | উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(পুরকৌশল) (পুরকৌশল বিভাগের দায়িত্বে, সংশ্লিষ্ট সুগার মিল) | - | সদস্য সচিব |

এই কমিটি সুগার মিল সমূহের মুখ্য কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প সমূহ নীতিমালার আলোকে বাস্তবায়ন করিবে।

ধারা-৭। **<u>রিটার্ণ দাখিল ঃ</u>**

প্রত্যেক সুগার মিল ফান্ডের মাসিক আয়-ব্যয়ের বিবরণী পরবর্তী মাসে শিল্প মন্ত্রণালয়ের সচিব বরাবরে দাখিল করিবে। উক্ত বিবরণীতে মোট ইক্ষু ক্রয়ের পরিমাণ ও সুগার মিলসমূহের নিজস্ব খামার হইতে সংগৃহীত সমুদয় সেসের পরিমাণ, ব্যয়ের হিসাব এবং সেস জমাদানের ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিবে। উপরন্তু, রোড ডেভেলপমেন্ট ফান্ডের অধীন পল্লী সড়ক নির্মাণ মঞ্জুরীর ব্যয়ের মাসিক বিবরণী দাখিল করিবে।

ধারা-৮। **<u>হিসাব নিরীক্ষণ ঃ</u>**

প্রত্যেক সুগার মিলের 'সুগার সেস' সংগ্রহ হিসাব ও সুগার রোড ডেভেলপমেন্ট কমিটি কর্তৃক ব্যয়ের নিরীক্ষা সরকারি বাণিজ্যিক নিরীক্ষক দ্বারা নিরীক্ষণ সম্পন্ন করিতে হইবে। এছাড়া, সুগার সেস রোড ডেভেলপমেন্ট কমিটির আয়-ব্যয়ের চূড়ান্ত হিসাব প্রতিষ্ঠিত নিরীক্ষা ফার্ম দ্বারা প্রস্তুত করিতে হইবে।

ধারা-৯। **<u>দন্ড বা জরিমানা ঃ</u>**

ধারা ৩ এর ক্ষমতাবলে যাহার জন্য সেস দেওয়া প্রযোজ্য বা যেই ব্যক্তি সেস উত্তোলনের দায়িত্বে নিয়োজিত রহিয়াছেন এবং ধারা-৪ এর মতে যাহার সেস প্রদান করিতে হইবে এই আইনের আলোকে যদি তাহা প্রতিপালন করিতে ব্যর্থ হয় তাহা হইলে তাহাকে জরিমানা স্বরূপ উক্ত সেসই প্রদান করিতে হইবে।

ধারা-১০। **<u>বিধি প্রণয়নের ক্ষমতা ঃ</u>**

বাংলাদেশ সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনবোধে যে কোন ধরণের বিধি প্রণয়ন করিতে পারিবে।

ধারা-১১। **<u>রহিতকরণ ও হেফাজত ঃ</u>**

এই আইন বলবৎ হওয়ার সংগে সংগে The Sugar (Road Development Cess) Ordinance, 1960 (Ordinance No XXIII of 1960) এতদ্বারা রহিত করা হইল। উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত অধ্যাদেশ এবং পরবর্তীতে ইহার অধীনে গৃহীত সংশোধনী বলে কৃত যাবতীয় কাজ কর্ম এই আইনের অধীনে গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**Law Making1000**

প্রকৌঃ মোঃ শহীদুল করীম
উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)

প্রকৌঃ মোঃ রফিকুল আহসান
মহাব্যবস্থাপক (পুরপ্রকৌশল)
বি এস এফ আই সি,
সদর দপ্তর, ঢাকা।

এ এস এম আবদার হোসেন
সচিব
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
চিনিশিল্প ভবন
৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

মাহমুদউল হক ভূঁইয়া
চেয়ারম্যান
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
শিল্প মন্ত্রণালয়, ঢাকা।